



ডাকসু নির্বাচনে ছাত্রদলের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা: ভিপি আবিদুল, জিএস হামিম, এজিএস মায়দ



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল তাদের প্যানেল ঘোষণা করেছে। ভিপি পদে আবিদুল ইসলাম খান, জিএস পদে তানভীর বারী হামিম এবং এজিএস পদে তানভীর আল হাদী মায়দের নাম প্রকাশ করা হয়েছে। এছাড়া আহত সানজিদা আহমেদ তব্বীর সম্মানার্থে গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সংগঠনটি।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছে। বুধবার (২০ আগস্ট) দুপুরে অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এই প্যানেল প্রকাশ করেন।

ঘোষিত প্যানেল অনুযায়ী,

ভিপি (সহ-সভাপতি) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ও ইসলামিক স্টাডিজ বিভাগের ২০১৫-১৬ সেশনের শিক্ষার্থী আবিদুল ইসলাম খান।

জিএস (সাধারণ সম্পাদক) পদে মনোনয়ন পেয়েছেন কবি জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক ও উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী তানভীর বারী হামিম।

এজিএস (সহ-সাধারণ সম্পাদক) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন বিজয় একান্তর হল ছাত্রদলের আহ্বায়ক ও গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী তানভীর আল হাদী মায়দ।

এ সময় ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব জানান, জুলাই গণঅভ্যুত্থানে আহত সানজিদা আহমেদ তব্বী ডাকসুর গবেষণা ও প্রকাশনা বিষয়ক সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তার প্রতি সম্মান জানাতে ছাত্রদল এ পদে আর কোনও প্রার্থী দেয়নি।

তিনি আরও জানান, সংগঠনটি বাকি সব পদে প্রার্থী ঘোষণা করেছে। পাশাপাশি জুলাই শহীদ আনাসের কবর জিয়ারতের মাধ্যমে ছাত্রদল আনুষ্ঠানিকভাবে ডাকসু নির্বাচনের কার্যক্রম শুরু করবে।